



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University : NSTU

নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812

Fax : 880-321-62788

Mobile : 880-01733998894

E-mail : pronstu@gmail.com

Website : www.nstu.edu.bd

জনসংযোগ ও
প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ



নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেস রিলিজ/২০২৩/১৬৯৬

১৭ অক্টোবর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিলের মৃত্যুবার্ষিকী পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) স্বাধীনতার মহান ছুপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ঠ সহচর, নোয়াখালীর কৃতি সন্তান, মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক সভাপতি এবং বাংলাদেশ জাতীয় সংসদের সাবেক স্পীকার বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিলের ৩৬ তম মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে আজ মঙ্গলবার (১৭ অক্টোবর ২০২৩) নোবিপ্রবির বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হলে তাঁর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকীর নেতৃত্বে শ্রদ্ধা নিবেদন ও দোয়া অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আইআইএস পরিচালক ও প্রক্টর অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান এবং বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হলের প্রভোস্ট ড. মেহেদী হাসান রুবেল। এসময় আরও উপস্থিত ছিলেন উক্ত হলের সহকারী প্রভোস্টবন্দ, শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবন্দ।

মৃত্যুবার্ষিকী উপলক্ষে নোবিপ্রবি বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল হলের পক্ষ থেকে তাঁর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

উল্লেখ্য, বীর মুক্তিযোদ্ধা আবদুল মালেক উকিল ১৯২৪ সালের ১ অক্টোবর নোয়াখালী জেলার সুধারামের রাজাপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৮৭ সালের ১৭ অক্টোবর মৃত্যুবরণ করেন।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

